

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক ৪৩.০০.০০০০.১১৯.১৪.৫১২.১৫/

৩০ আষাঢ় ১৪২২
১৪ জুলাই ২০১৫

বিষয় : 'খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের সংস্কৃতির উন্নয়ন ও সম্প্রসারণ এবং ইতিহাস ও আর্থ-সামাজিক অবস্থার বিশ্লেষণ'
শীর্ষক কর্মসূচির পিপিএনবি সংশোধন সংক্রান্ত।

সূত্র : ক্ষুদ্রনৃগোসাই/খাগড়াছড়ি/প্র:-০১(২)/১০৯, তারিখ : ১৯-০৫-২০১৫।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রবদ্ধ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, 'খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের সংস্কৃতির উন্নয়ন ও সম্প্রসারণ এবং ইতিহাস ও আর্থ-সামাজিক অবস্থার বিশ্লেষণ' শীর্ষক কর্মসূচির পিপিএনবি সংশোধন করে যে প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে তাতে যে সকল ভুল-ত্রুটি/অসংগতি দেখা যায়, তা নিম্নরূপ :

- (ক) পিপিএনবি'র বিভিন্ন পৃষ্ঠায় ভুল-ত্রুটি/অসংগতি রয়েছে। সংযোজনী 'ক' সংযুক্ত করা হয়নি। পক্ষান্তরে সংযোজনী 'খ' কে 'ক' উল্লেখ করা হয়েছে।
- (খ) অর্থ বিভাগের পিপিএনবির নির্ধারিত ছক অনুসরণ করা হয়নি, যা করতে হবে।
- (গ) অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিপত্র এবং বিএমসি সভার কার্যবিবরণীর ছায়ািলিপি পিপিএনবির শেষে সংযুক্ত করতে হবে।
- (ঘ) পিপিএনবির ৫ নং পৃষ্ঠা বাদ দিতে হবে।
- (ঙ) 'মুদ্রণ ও বাঁধাই' খাতের আওতায় প্রকাশিতব্য বই প্রকাশের ক্ষেত্রে ফর্মাসহ বিস্তারিত ব্রেকআপ/বিবরণ পরিশিষ্ট আকারে সংযুক্ত করতে হবে।
- (চ) 'অনুষ্ঠান/উৎসবাদি' খাতের আরো বিস্তারিত ব্রেকআপ/বিবরণ সংযুক্ত করতে হবে।
- (ছ) সংস্থা প্রধানের স্বাক্ষর ও সীল-এর নির্ধারিত স্থান ব্যতীত পিপিএনবি'র অন্যান্য পাতায় কর্মসূচি পরিচালকের স্বাক্ষর ও সীল থাকতে হবে।

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত ভুল-ত্রুটি/অসংগতি সংশোধন পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ৮(আট) কপি সংশোধিত পিপিএনবি আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে নিশ্চিতভাবে প্রেরণ করার জন্য যথানির্দেশ অনুরোধ করা হলো।

মো: আব্দুর রাকিব
উপ-প্রধান
ফোন : ৯৫১৫৫৭৫।

পরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।

অনুলিপি :

- ১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিবের (উন্নয়ন ও পরিকল্পনা) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপ্রধানের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।